

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৫৭

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৩১. ওয়ালা (মালিকানা স্বত্ব) সম্পর্কে

باب الْوَلَاءِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى حَدَّثَنَا حَفْصُ بْنُ غِيَاتٍ حَدَّثَنَا أَشْعَتُ عَنْ جَهْمِ بْنِ دِينَارٍ عَنْ إِبْرَاهِيمَ أَنَّهُ سُئِلَ عَنْ أُخْتَيْنِ اشْتَرَتْ إِحْدَاهُمَا أَبَاهَا فَأَعْتَقَتْهُ ثُمَّ مَاتَ قَالَ لَهُمَا التُّلُثَانِ فَرِيضَتُهُمَا فِي كِتَابِ اللَّهِ وَمَا بَقِيَ فَلِلْمُعْتِقَةِ دُونَ الْأُخْرَى

বাংলা

৩০৫৭. জাহম ইবনু দীনার হতে বর্ণিত, ইবরাহীম (রহঃ) কে এমন দু'বোন সম্পর্কে জিজ্ঞেস করা হলো যাদের একজন তাদের পিতাকে (দাস অবস্থায় পেয়ে) ক্রয় করে মুক্ত করে দিলো। এরপর সে লোকটি মৃত্যুবরণ করলো। তিনি বললেন, আল্লাহর কিতাব অনুসারে তাদের উভয়ের নির্ধারিত অংশ হলো দুই ভৃতীয়াংশ। এরপর অবশিষ্ট সম্পদ পাবে তাকে দাসত্ব হতে মুক্তিদানকারী মেয়েটি, অপর মেয়েটি পাবে না।[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: সনদটি যয়ীফ আশআস ইবনু সিওয়ারের দুর্বলতার কারনে।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১১/৩৯০ নং ১১১৮২, ১১১৮৪। আর আব্দুর রাযযাক আল মুসান্নাফ নং ১৬২১৫ এ যুহুরী হতে সহীহ সনদে অনুরূপ বর্ণনা করেছেন। ১৬২৭০ নং টিও দেখুন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন